ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

20 MARCH 2025 7:35 AM IST

==========================================================================

প্রধানমন্ত্রী আবাস গৃহ যোজনার ঘর না পাওয়া লোকেদের জরীপ করার জন্য জীবিকা সখী যদি সংশ্লিষ্ট স্থানে না যায় বা প্রপত্র পূরণ করা হয় না , সেক্ষেত্রে যে কোন লোক ফটো তুলে তা আপলোড করতে পারবেন ।

রাজ্যের ৩ লক্ষ ৮৮ হাজার ৩শ ৫৮ জন হিতাধিকারীকে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের গৃহ নির্মাণের জন্য প্রথম কিস্তির অনুমোদন পত্র গতকাল বিতরণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃশর্মা কামরূপ জেলার পলাশবারী রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে অনুমোদনপত্র বিতরণ করে জানান যে রাজ্য সরকার জনসাধারণের বাসগৃহের আবশ্যকতা পূরণ করার ক্ষেত্রে প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে সঠিক গৃহ নির্মাণের সুবিধা সুনিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করছে ।

---

মুখ্যমন্ত্রী বলেন, যাদের ঘরের প্রয়োজন তারা নিজেরাই জিও-ট্যাগিং করতে পারবেন বলেও জানান । অনুষ্ঠানে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের মন্ত্রী রঞ্জিত দাসও উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে মোট ৫৮ হাজার ২০৬ জন হিতাধিকারীকে প্রথম কিস্তির অর্থের অনুমোদনপত্র বিতরণ করা হয়েছে । কাছাড় জেলার সাতটি বিধানসভা এলাকার মোট ২৭ হাজার ২৪৫ জন হিতাধিকারীকে আজ এই যোজনার অধীনে অনুমোদন পত্র বিতরণ করা হয়েছে । এরমধ্যে সোনাই বিধানসভা এলাকায় ৫ হাজার ৫১৯ জন , কাটিগড়া এলাকায় ৪ হাজার ৯৫৪ , ধলাইয়ে ৪ হাজার ৩১৩ , লক্ষীপুরে ৪ হাজার ৭৮ , উধারবন্দে ৩ হাজার ৬৫৫, বরখলায় ২ হাজার ৪০৩ জন হিতাধিকারীর মধ্যে অনুমোদনপত্র বিতরণ করা হয় । বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ শিলচর উন্নয়নখন্ডে ২ হাজার ৩২৩ জন হিতাধীকারীর হাতে এই অনুমোদন পত্র তুলে দেন । মেহেরপুর সিডি হোমে আয়োজিত অনুমোদন পত্র বিতরণ কার্যসূচীতে অংশগ্রহণ করে বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর এই যোজনার অধীনে গৃহ নির্মাণের জন্য ১ লক্ষ ৩০ হাজার টাকা করে প্রদান করা হয় । অনুষ্ঠানে জেলা প্রশাসনের আধিকারীক সহ বিজেপির জেলা ও মন্ডলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলা প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীণ এর অধীনে চারটি বিধানসভা এলাকার মোট ১৬ হাজার ৯০৯ জন হিতাধিকারীকে গৃহ নির্মাণের জন্য প্রথম কিস্তির অর্থের অনুমোদন পত্র বিতরণ করা হয়েছে । শ্রীভূমির নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে হিতাধিকারীদের অনুমোদনপত্র বিতরণ করা হয় ।

---

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে  ১৪ হাজার ৫২ জন হিতাধিকারীর মধ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অনুমোদন পত্র বিতরন করা হয়েছে । গতকাল হাইলাকান্দি শহরের এস এস কলেজের খেলার মাঠে আয়োজিত সভায় হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ৫ হাজার ৯শ ৭৫ জনকে এবং বোয়ালিপারের ডক্টর শশীভূষন ইনস্টিটিউট অফ এডুকেশন প্রাঙ্গনে আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের ৮ হাজার ৭৭ জন হিতাধিকারীর মধ্যে আবাস গৃহের অনুমোদন পত্র বিতরন করা হয় । এছাড়া উভয় অনুষ্ঠানে কামরূপ জেলার পলাশবাড়ীর রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে মূখ্যমন্ত্রীর ভাষন সরাসরি বড় পর্দায় দেখানো হয় । এস এস কলেজের খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে আগামী দু-তিন দিনের মধ্যে আবাস যোজনার প্রথম কিস্তির ৩২ হাজার ৫শ টাকা এবং এম জি এন রেগার ৯৫ দিনের মজুরী বাবদ ২৩ হাজার ৫শ টাকা হিতাধিকারীদের ব্যাঙ্ক একাউন্টে প্রদান করা হবে ।

এস এস কলেজের অনুষ্ঠানে হাইলাকান্দি পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী , বিজেপির জেলা সভাপতি কল্যান গোস্বামী এবং বোয়ালিপারের অনুষ্ঠানে জেলা পরিষদের ভারপ্রাপ্ত মূখ্য কার্য্যবাহী আধিকারীক রক্তিম বড়ুয়া , বিজেপি কর্মকর্তা মিলন দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ৫ হাজার ৫শ ৫০ টি শিক্ষক পদের জন্য আজ থেকে আগামি ১১ ই এপ্রিল পর্যন্ত নথি পরীক্ষার দিন ঘোষণা করেছে । শিক্ষা বিভাগের জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ি গুয়াহাটীর আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের  অতিথিশালায় আজ থেকে ২৯ শে মার্চ পর্যন্ত প্রথম পর্যায় এবং পয়লা এপ্রিল থেকে ১১ ই এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষা করা হবে । নথি পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত চার হাজার দুশ জন প্রার্থীর নাম প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে ।

উল্লেখ্য শিক্ষা সঞ্চালকালয় ২০২৩ সালের ডিসেম্বর মাসে নিম্ন ও উচ্চ প্রাথমিকের এই ৫ হাজার ৫৫০ টি শিক্ষক পদের জন্য বিজ্ঞাপন প্রকাশ করেছিল ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে গতকাল সন্ধ্যায় শিলচর বঙ্গ ভবন সভাকক্ষে ভাষা একাডেমী পত্রিকার উন্মোচন করা হয় । রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই এই পত্রিকার উন্মোচন করেন । পরে বরাক উপত্যকার আর্থিক বিকাশ শির্ষক বিষয়ের উপর আয়োজিত আলোচনা সভায় মন্ত্রী কৌশিক রাই , তৈমুর রাজা চৌধুরী , গৌতম প্রসাদ দত্ত প্রমূখ আলোচনা করেন ।

---

শ্রীভুমি জেলা সৈনিক কল্যান কার্য্যালয়ের উদ্যোগে এবং গুয়াহাটীর রাজ্য সৈনিক বোঁডের সহযোগীতায় গত মঙ্গলবার রামকৃষ্ণ নগরের উত্তর সিংলা অমরখালে প্রাক্তন সৈনিকদের পুর্ন মিলন সভা অনুষ্ঠিত হয়েছে । শ্রীভূমির জেলা সৈনিক কল্যান আধিকারীক জানিয়েছেন যে সভায় ১২০ জন প্রাক্তন সৈনিক , সৈনিকদের স্ত্রী ও পরিবারের সদস্যরা অংশগ্রহন করেন । সভায় প্রবীন প্রাক্তন সৈনিকদের সংবর্ধনা জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে বিলাইপুর বাজার থেকে মিজোরাম সীমান্তের ফাইসেল পর্য্যন্ত সড়কে ১০ টনের অধিক ভারী যান চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করেছেন । এই সড়কের

বর্তমান অবস্থা ভাল না থাকায় আসন্ন বর্ষার মরশুমে যান চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---